**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 12-06–2024**
**Time: 07.35–07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**CM Bankers Meeting:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা বলেছেন রাজ্যের অর্থনৈতিক বিকাশে কৃষি ক্ষেত্রগুলির উন্নয়নে সরকার পরিকল্পনা নিয়ে কাজ করছে। কৃষি ক্ষেত্রের সাথে যুক্ত জনগণকে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করে তুলতে ব্যাঙ্কগুলিকে এগিয়ে আসতে হবে। গতকাল সচিবালয়ে ১৪৭তম স্টেট লেভেল ব্যাঙ্কার্স কমিটির সভায় তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী মুদ্রা যোজনা, স্ট্যান্ড আপ ইন্ডিয়া, ক্ষুদ্র, ছোট, মাঝারি এন্টারপ্রাইজের মতো ক্ষেত্রগুলিতে ঋণ দেওয়ার সুবিধা রয়েছে। এসব ক্ষেত্রে ব্যাঙ্কগুলিকে ঋণ দেওয়ার কর্মসূচি আরও বেশি করে নিতে হবে। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের শিক্ষিত যুবক যুবতীদের স্বনির্ভর হওয়ার লক্ষ্যে পিএম মুদ্রা যোজনা, স্ট্যান্ড আপ ইন্ডিয়া যোজনায় ঋণ প্রদানে ব্যাঙ্কগুলিকে আরও সচেষ্ট হতে হবে।

সভায় মুখ্যসচিব জে কে সিনহা, পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের জেনারেল ম্যানেজার কৌশিক চট্টোপাধ্যায়, রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়ার জেনারেল ম্যানেজার সুরেন্দ্র নিডর, নগরোন্নয়ন দপ্তরের সচিব অভিষেক সিং প্রমুখ উপস্থিত ছিলেন।

******************************

**Transgender Seminar :**

সমাজ উন্নয়ন এবং সমাজ শিক্ষা দপ্তরের উদ্যোগে ও স্বাভিমান সোসাইটির সহায়তায় গতকাল রবীন্দ্র শতবার্ষিকীভবনে তৃতীয় লিঙ্গ সদস্যদের নিয়ে এক রাজ্যভিত্তিক আলোচনা চক্র এবং সচেতনতামূলক অনুষ্ঠান হয়। অনুষ্ঠানে সমাজ উন্নয়ন ও সমাজ শিক্ষা দপ্তরের সচিব তাপস রায়, তৃতীয় লিঙ্গের ব্যক্তিদের সামাজিক অর্থনৈতিক সহ নানা সমস্যাগুলি তুলে ধরেন। তিনি বলেন, তৃতীয় লিঙ্গের সদস্যদের আইনগতভাবে সুরক্ষা দিতে সমাজে সম্মানজনক স্থান করে দিতে এবং তারা যাতে সকলের সঙ্গে স্বাভাবিক জীবনযাপন করতে পারেন তার উদ্যোগ নিয়েছে রাজ্য সরকার। তিনি আরো বলেন, তৃতীয় লিঙ্গের উন্নয়নে রাজ্যে স্মাইল প্রজেক্টের স্কলারশিপ প্রদান এবং মাসে ২০০০ টাকা করে সামাজিক ভাতা প্রদানের ও ব্যবস্থা রয়েছে।

******************

Review Meeting-MBB Airport :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা মহারাজা বীরবিক্রম বিমানবন্দর থেকে আগরতলা শহর পর্যন্ত রাস্তার দু'পাশে সৌন্দর্যায়ন প্রকল্পে রাজ্যের চিরাচরিত মিশ্র সংস্কৃতিকে প্রাধান্য দেওয়ার পরামর্শ দিয়েছেন। আজ সচিবালয়ে এক পর্যালোচনা বৈঠকে মুখ্যমন্ত্রী এই পরামর্শ দেন। এই সৌন্দর্যায়নে স্থানীয় শিল্পীদের যুক্ত করে এই কাজকে আরও আকর্ষণীয় করার উপরও মুখ্যমন্ত্রী গুরুত্ব আরোপ করেন। তিনি এয়ারপোর্ট-আগরতলা সড়কে দ্রুত পর্যাপ্ত স্ট্রিট লাইটের ব্যবস্থা করার জন্য নির্দেশ দেন। বৈঠকে আগরতলা পুরনিগমের কমিশনার তথা স্মার্ট সিটি প্রকল্পের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক ডা. শৈলেশ যাদব

জানান, আগরতলার রাধানগর মোটরস্ট্যান্ডে একটি আর্কষণীয় ফুট ওভার ব্রিজ নির্মাণ করা হবে।

........................................................................

**PM, Yoga :**

দশম আন্তর্জাতিক যোগ দিবস পালিত হবে আগামী ২১শে জুন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল সামাজিক মাধ্যমে বলেছেন, যোগব্যায়াম একটি নিরবিচ্ছিন্ন অনুশীলন যার মাধ্যমে একতা এবং সম্প্রীতি উদযাপন করা হয়। তিনি বৈচিত্র্যময় সংস্কৃতি এবং ভৌগোলিক সেতুবন্ধনের জন্য যোগের অসাধারণ ক্ষমতা তুলে ধরেন এবং বলেন যোগব্যায়াম সামগ্রিক মঙ্গল সাধনের জন্য সমগ্র বিশ্বে লক্ষ লক্ষ মানুষকে একত্রিত করেছে। শ্রী মোদি বলেন যে প্রত্যেকেরই যোগব্যায়ামকে জীবনের অবিচ্ছেদ্য অংশ করতে প্রতিশ্রুতিবদ্ধ হওয়া এবং অন্যদেরও এই বিষয়ে উৎসাহিত করা উচিত।

**********************************

**CM Meeting-Rainy Season :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আসন্ন বর্ষা মরসুমে সম্ভাব্য দুর্যোগ মোকাবিলায় অত্যাধুনিক ব্যবস্থা গ্রহণের পরামর্শ দিয়েছেন। গতকাল সচিবালয়ে এক উচ্চ পর্যায়ের বৈঠকে মুখ্যমন্ত্রী এই পরামর্শ দেন। তিনি বলেন, অত্যাধুনিক ব্যবস্থা গ্রহণে প্রয়োজনে বহিরাজ্যের বিশেষজ্ঞদের পরামর্শ নিতে হবে। তিনি বলেন, শহর ও নগর এলাকায় স্বাস্থ্য পরিকাঠামোর উন্নয়নে স্যাটেলাইট হাসপাতাল এবং পিঙ্ক টয়লেট গড়ে তোলার উপর

গুরুত্ব দিতে হবে। শহর এলাকায় মশার উপদ্রব কমানোর জন্যও প্রয়োজনীয় ব্যবস্থা নিতে মুখ্যমন্ত্রী সংশ্লিষ্টদের নির্দেশ দেন।

..................................................................

**Heat wave :**

ভারতের আবহাওয়া দপ্তর আগামী তিন থেকে চার দিনের জন্য উত্তর প্রদেশ, হরিয়ানা এবং দিল্লি সহ পূর্ব ও উত্তর-পশ্চিম ভারতের কিছু অংশে তীব্র তাপপ্রবাহ পরিস্থিতির জন্য কমলা সতর্কতা জারি করেছে। দপ্তরের বিজ্ঞানী ডঃ আর কে জেনামানি আকাশবাণীকে বলেছেন যে পুণরায় তাপপ্রবাহ থেকে তীব্র তাপপ্রবাহ সৃষ্টি হয়েছে এবং প্রধানত উত্তর প্রদেশ এবং দিল্লিতে তা অব্যাহত থাকবে। তিনি বলেন, এই সময়ে তাপমাত্রা ৪৩ থেকে ৪৫ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে থাকতে পারে।

*********************

**Jamai Sasthi :**

আজ জামাই ষষ্ঠী।। বাংলার লোকায়ত রীতি অনুসারে, মাতৃত্বের প্রতীক ষষ্ঠীদেবীর পার্বণ থেকেই এই প্রথার সূচনা । পুরান কালে প্রতি বছর জ্যৈষ্ঠ মাসের ষষ্ঠী তিথিতে প্রথম প্রহরে ষষ্ঠীদেবীর পুজোর আয়োজন করা হত। এই পার্বন অনুসারে, মেয়ের মুখ দেখতে এবং মেয়ের দ্রুত সন্তান লাভের কামনায় মেয়ে জামাই আদরের পরিকল্পনা করা হয়। সেই অনুযায়ী জ্যৈষ্ঠ মাসের শুক্লা তিথিতে পালিত হয়ে আসছে জামাইষষ্ঠী উৎসব। সেই রীতি মাফিক ষষ্ঠী পূজার দিনে চলে প্রীতি ভোজ ও আনন্দ উৎসব।

***********************

**UGC :**

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, ইউজিসি, আগামী শিক্ষাবর্ষ থেকে উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলিতে বছরে দু'বার শিক্ষার্থী ভর্তির অনুমতি দেওয়ার নীতিগত সিদ্ধান্ত নিয়েছে। বর্তমানে, কমিশনের নিয়ম অনুযায়ী একটি শিক্ষাবর্ষে একবার ভর্তির অনুমতি রয়েছে। কমিশনের চেয়ারম্যান অধ্যাপক মমিদালা জগদেশ কুমার বলেন, বোর্ডের ফলাফল ঘোষণায় বিলম্ব, স্বাস্থ্য সমস্যা বা ব্যক্তিগত কারণে যারা সময়মতো ভর্তি হতে পারেন না, এই সিদ্ধান্ত তাদের উপকারে আসবে।

*****************************

**Yoga :**

আন্তর্জাতিক যোগ দিবস রাজ্যের প্রতিটি জেলায় উদযাপনের জন্য উদ্যোগ নেয়া হয়েছে। ক্রীড়া দপ্তর থেকে ইতিমধ্যেই সবকটি জেলাতে এই নির্দেশ পাঠানো হয়েছে। সরকারিভাবে দিনটি উদযাপনের সাথে এই কর্মসূচীতে বিভিন্ন ক্লাব, সংগঠন এবং এনজিও গুলিকেও যোগদান করতে বলা হয়েছে। রাজ্যস্তরের মূল অনুষ্ঠান হবে হাঁপানিয়ার আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনে। সেখানে আড়াই হাজার যোগা প্রেমীকে সামিল করতে উদ্যোগ নেয়া হয়েছে। ওই অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য রাজ্যপাল ও মুখ্যমন্ত্রীকে আমন্ত্রণ জানানোর সিদ্ধান্ত নেয়া হয়।

************************

Weather:

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দুয়েক জায়গায় বজ্র বিদ্যুত সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৮ ডিগ্রি

সেলসিয়াস। দিনের তাপমাত্রা সর্বোচ্চ চৌত্রিশ ডিগ্রী এবং সর্বনিম্ন সাতাশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আগামী চব্বিশ ঘণ্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুত সহ বৃষ্টিপাতের সম্ভাবনার কথা জানিয়েছে আবহাওয়া দপ্তর।

********************